

গুণ - গ্রীড পদ্ধতিতে

$$7 \times 38 = 266$$

x	7
30	210
8	56
	266

- ◆ প্রথমে 38-কে এমন ভাগে ভেঙে নাও যা সহজে গুণ করা যায়। প্রতিটা ভাগ একটা গ্রীডের (ছবিতে যেমন দেখানো হয়েছে সেই রকম ছকের) উপরে লেখো।
- ◆ প্রতিটা ভাগকে 7 দিয়ে গুণ করো। 30-কে 7 দিয়ে গুণ করলে হয় 210, 8-কে 7 দিয়ে গুণ করলে হয় 56।
- ◆ সব শেষে এই গুণফল দুইটিকে যোগ করো।
 $210 + 56 = 266$.
- ◆ স্বতরাং 38-কে 7 দিয়ে গুণ করলে হয় 266।